

# গান্ধী স্মারক সংগ্রহালয়ে সমবায় দিবস উদ্‌যাপন



বারাকপুর গান্ধী স্মারক সংগ্রহালয়ে সমবায় দিবস উপলক্ষে হস্তশিল্প প্রদর্শনী। ছবি -- কানাই পদ রায়

**নিজস্ব প্রতিনিধি :** গত ১৬ নভেম্বর বারাকপুর গান্ধী স্মারক সংগ্রহালয়ে জাতীয় সমবায় সপ্তাহ উপলক্ষে সমবায় দিবস পালন করা হয়। মহাত্মাগান্ধী 'সর্বদয়'-এ নীতিতে বিশ্বাস করতেন। এর অর্থ সকলের কল্যাণ। গান্ধীজী সমবায় গঠনের পক্ষে ছিলেন এবং খাদি, হ্যান্ডলুম, ফেরিকালচার, হস্তশিল্প-এই সমস্ত গ্রামীণ শিল্পের উন্নতির কথা বলতেন যাতে গ্রামীণ দারিদ্র এবং বেকারত্ব দূর হয়। এই দৃষ্টিভঙ্গি থেকেই এই সমবায় দিবসের আয়োজন। সংগ্রহালয়ের সঙ্গে সহযোগী হিসাবে ছিল মণিরামপুর মহিলা শিল্প সমবায় সমিতি লিঃ।

এই অনুষ্ঠানে উত্তর ২৪ পরগণা জেলা এবং অন্যান্য জেলা থেকে মণিরামপুর মহিলা শিল্প সমবায় সমিতি লিঃ, রামকৃষ্ণপল্লী মহিলা সমিতি, পল্লী বধু প্রভৃতি সমবায় সমিতি যোগ দেয়। পশ্চিমবঙ্গ সরকার সমবায় দপ্তরের ৩

আধিকারিক - মধুমিতা ঘোষাল, উমা দাস এবং বিশাখা সেনগুপ্ত সমবায় দিবসের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। মহিলাদের সয়ংস্তর হওয়া, কিভাবে ঋণ নিয়ে কুটির শিল্প স্থাপন করা যায় সে সম্পর্কেও ব্যাখ্যা করেন।

প্রধান অতিথি হিসাবে ছিলেন বারাকপুর রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনের স্বামী নিত্যরতনানন্দ মহারাজ। স্বাগত ভাষণ দেন সংগ্রহালয়ের পরিচালক—সম্পাদক প্রতীক ঘোষ। মনিরামপুর মহিলা শিল্প সমবায় সমিতি সম্পাদিকা তাপসী ঘোষ সমবায় সম্পর্কে সুন্দর বক্তব্য রাখেন। উদ্বোধন সঙ্গীত পরিবেশন করেন মাধুরী সরকারদেব এবং আবৃত্তি করেন অপু চট্টোপাধ্যায়। এই উপলক্ষে রবীন্দ্রনাথ—গান্ধীজী এবং নেতাজী সুভাষকে নিয়ে একটি প্রদর্শনীও আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠানটি সকলেরই নজর করেছে।

The periodical *Bibartan* reported the observance of the Celebration of 'Cooperative Day' on the occasion of 'National Cooperative Week' organized by the Gandhi Smarak Sangrahalaya in association with the Manirampur Mahila Silpa Samabaya Samity Ltd., at the premises of the Sangrahalaya on December 16, 2015.